

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
শেরপুর সদর, শেরপুর

<http://doict.sherpursadar.sherpur.gov.bd>
শেরপুর সদর উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী :


সভাপতি : মেহনাজ ফেরদৌস
উপজেলা নির্বাহী অফিসার
শেরপুর সদর, শেরপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, শেরপুর সদর, শেরপুর।
সভার তারিখ ও সময় : ২৮/০১/২০২৩ খ্রি: সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতি সভায় উপস্থিত শেরপুর সদর উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সদস্যদের স্বাগত জানান। শেরপুর সদর উপজেলার শেখ রাসেল ডিজিটাল ল্যাব, বিভিন্ন দপ্তরের ওয়েব পোর্টাল, ইউডিসি উদ্যোগদের একসেবায় তথ্য আপলোড, ই-ফাইলিং (নথি) সিস্টেম, ইন্টারনেট কানেকশন এর বর্তমান অবস্থা সম্পর্কে বিস্তারিত আলোচনা করার জন্য সহকারী প্রোগ্রামার ও সদস্য সচিব কে অনুরোধ করেন।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	জাতীয় তথ্য বাতায়ন (ওয়েব পোর্টাল) সংক্রান্ত: ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে তথ্যের সহজলভ্যতা নিশ্চিতকল্পে উপজেলা পর্যায়ের সকল দপ্তর/প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদকরন, নির্ভুল কন্টেন্ট আপলোড ও সমৃদ্ধকরন বিষয়ে সভায় আলোচনা করা হয়। উপজেলার বিভিন্ন সরকারি দপ্তর এবং ইউনিয়ন ওয়েব পোর্টালের বর্তমান অবস্থা এবং কি কি বিষয় হালনাগাদ করতে হবে সে বিষয়ে সহকারী প্রোগ্রামার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন।	ওয়েব পোর্টাল আপডেট করার জন্য সদর উপজেলার প্রতিটি দপ্তরে চিঠি প্রদান করা হয়েছে। উপজেলা এবং ইউনিয়নের ওয়েব পোর্টাল হালনাগাদকরন কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পর্যায়ের সকল দপ্তর/অফিস প্রধান, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, শেরপুর সদর, শেরপুর।
০২	ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোগদের আয়ের প্রতিবেদন নিয়মিত একসেবা প্ল্যাটফর্মে আপলোডকরন সংক্রান্ত।	সভায় ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোগদের ইউডিসি হতে আয়ের প্রতিবেদন একসেবা ওয়েবসাইটে নিয়মিত আপডেট করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোগগন।
০৩	ই-ফাইলিং (নথি) সিস্টেম সংক্রান্ত ই-ফাইলিং (নথি) এর মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম সম্পন্নকরন বিষয়ে আলোচনা।	শেরপুর সদর উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সকল কর্মকর্তা এবং কর্মচারীদের নিয়ে ২৫/০১/২০২৩ খ্রি: তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ই-নথি বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব মেহনাজ ফেরদৌস উক্ত প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন। ই নথি সিস্টেমের নতুন ভার্সন ডি-নথি কিছু কিছু অফিস লাইভে এসেছে। ডি নথি / ই-নথি সিস্টেমে নথি নিষ্পত্তিকরন কার্যক্রম চালু রাখতে হবে।	উপজেলা পর্যায়ের সকল দপ্তর/অফিস প্রধান, সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, শেরপুর সদর, শেরপুর (টেকনিক্যাল সাপোর্টের জন্য),

০৪	শেখ রাসেল ডিজিটাল ল্যাব সভায় জানানো হয় শেরপুর সদর উপজেলায় আইসিটি অধিদপ্তরের সহযোগিতায় ২০২১-২২ অর্থবছরে ১৮ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। পূর্বের স্থাপনকৃত ল্যাবসহ শেরপুর সদর উপজেলায় মোট শেখ রাসেল ডিজিটাল ল্যাবের সংখ্যা ৩৩ টি।	শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ নিয়মিতভাবে ব্যবহার এবং ল্যাবের যন্ত্রপাতিসমূহ সঠিকভাবে রক্ষনাবেক্ষন ও সচল রাখাসহ ছাত্র-ছাত্রীদের নিয়মিতভাবে প্রশিক্ষন প্রদান কার্যক্রমের বিষয়ে তদারকি করার জন্য সভায় গুরুত্ব আরোপ করা হয়।	সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, শেরপুর সদর, শেরপুর। প্রধান শিক্ষক/অধ্যক্ষ, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান।
০৫	নেটওয়ার্ক কানেকশন সংক্রান্ত সভায় জানানো হয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহযোগিতায় উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরে এবং ইউনিয়ন পরিষদে ইন্টারনেট কানেকশন প্রদান করা হয়েছে। শেরপুর সদর উপজেলার শিক্ষা প্রতিষ্ঠান এবং কমিউনিটি ক্লিনিকগুলো ইন্টারনেট সংযোগের আওতায় আনা হবে।	ইন্টারনেট কানেকটিভিটি সচল রাখতে হবে। ইন্টারনেট কানেকশনের কোন বিঘ্ন ঘটলে ইনফোসরকার প্রকল্প এর সাপোর্ট টিমের সাথে যোগাযোগ করে সাপোর্ট নিতে হবে।	সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, শেরপুর সদর, শেরপুর। সাপোর্ট টিম, ইনফো সরকার প্রকল্পের সাপোর্ট টিম।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ডিজিটাল সেবা সর্বস্তরে পৌঁছে দেওয়ার আন্তরিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



 ২৪.০১.২৩
 (মোহনাজ্জ ফেরদৌস)
 উপজেলা নির্বাহী অফিসার
 শেরপুর সদর, শেরপুর।

স্মারক নং- ৫৬.০৪.৮৯৮৮.০০০.৯৯.০০১.২৩-০৯

তারিখ: ২৮/০১/২০২৩ খ্রি:

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে :

- ১। জেলা প্রশাসক, শেরপুর।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শেরপুর।
- ৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, শেরপুর।
- ৪। উপজেলা অফিসার, শেরপুর সদর, শেরপুর।
- ৫। জনাব
- ৬। অফিস কপি।


 ২৪.০১.২০২৩
 আল আমীন ফারুক
 সহকারী প্রোগ্রামার
 তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
 শেরপুর সদর, শেরপুর।